

বিসিপিএস নং নিয়োগ-৫৩৩/২০২৪/২২৮৭২

তারিখঃ ০৮-০৫-২০২৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স (বিসিপিএস)-এর নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতনক্রম (জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক)
১.	সহকারী পরিচালক (আরটিএম) (১ম শ্রেণি)	০১	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে চিকিৎসা বিজ্ঞানে এফসিপিএস বা সমমানের ডিগ্রি/এমডি/এমপিএইচ/এমফিল; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো প্রতিষ্ঠানে রিসার্চ সহকারী বা অনুরূপ কোনো পদে অন্যান্য ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা।	আলোচনা সাপেক্ষে
২.	ইপিডেমিওলজিস্ট (১ম শ্রেণি)	০১	(ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে চিকিৎসা বিজ্ঞানে এফসিপিএস বা সমমানের ডিগ্রি/এমডি/এমপিএইচ/এমফিল; (খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং (গ) রিসার্চ মেথোডোলজি কাজে অভিজ্ঞতা।	আলোচনা সাপেক্ষে

প্রার্থীদের জন্য পালনীয় শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহ

- উল্লিখিত পদে আবেদনকারীগণকে সাদা কাগজে “সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স (বিসিপিএস), ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২” বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর পূর্ণ নাম বাংলায় ও ইংরেজীতে (Capital Letter), (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) পদের নাম (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) ২৬-০৫-২০২৪ খ্রি. তারিখে বয়স (ঝ) ধর্ম, (ঞ) জাতীয়তা, (ট) শিক্ষাগত যোগ্যতা, (ঠ) অভিজ্ঞতার বিবরণ (ড) জাতীয় পরিচয়পত্রের নম্বর (ঢ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর এবং (ণ) মোবাইল/ফোন নম্বর উল্লেখ করতে হবে। আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে এবং প্রত্যেকটি ছবির পেছনে প্রার্থীর নাম থাকা আবশ্যিক।
- প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে (ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্বের সনদপত্র (ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি এবং (ঙ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- কোন বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের অধীন কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের গ্রেড প্রাপ্ত আবেদনকারীর আবেদন গ্রহণযোগ্য নয়।
- শিক্ষাগত যোগ্যতা থাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।
- চাকুরীতে নিয়োজিত অথবা বিভাগীয় প্রার্থীদেরকে অবশ্যই স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- আবেদনকারীকে খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেট (যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক যথাক্রমে স্বাক্ষরিত এবং প্রতি স্বাক্ষরিত/ ১৯৯৭-২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি স্বাক্ষরিত)-এর সত্যায়িত কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
- “সচিব, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স”-এর অনুকূলে উক্ত পদের জন্য ১০০০/- টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর আবেদনপত্র খাম বন্ধ অবস্থায় অবশ্যই রেজিস্ট্রি ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে অথবা ব্যক্তিগতভাবে সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২৬-০৫-২০২৪ খ্রি. তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে পৌছাতে হবে। উক্ত তারিখ বা সময়ের পরে ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে পরীক্ষার জন্য ডাকা হবে। অসত্য/ভুল তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ ক্রেটিপূর্ণভাবে পূরণকৃত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল করা যাবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক আবুল বাশার মোঃ জামাল)

সচিব

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জন্স (বিসিপিএস)